



ঃ নিলাম নোটিশঃ

প্রধান প্রকৌশলীর দপ্তর,
ঢাকা বিশ্ববিদ্যালয়,
ঢাকা-১০০০

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দপ্তরের কেন্দ্রীয় গুদামে ও প্রশাসনিক ভবনের সিভিল শাখার রক্ষিত পুরাতন ও অকেজো মালামাল যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় প্রকাশ্যে নিলামে বিক্রয় করা হইবে। আগামী ২৯/০৯/২০২৪ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় প্রকৌশল দপ্তরের নীচ তলায় স্টোর রুমে নিলাম অনুষ্ঠিত হইবে।

নিলামে অংশ গ্রহনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নির্বাহী প্রকৌশলী জোন-৩, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ১০,০০০/= (দশ হাজার) টাকার পে-অর্ডার (ফেরৎযোগ্য) জমা দিয়ে নিলামে অংশ গ্রহন করিতে হইবে।

সর্বোচ্চ ডাককারীকে কার্যাদেশ পাওয়ার ৩ (তিন) দিনের মধ্যে মোট টাকা ও আয়কর, ভ্যাটসহ জনতা ব্যাংক, টি.এস.সি. শাখায় জমা দিতে হইবে এবং ৭ (সাত) দিনের মধ্যে সিডিউলে উল্লেখিত মালামাল সমূহ সাইট হইতে অপসারণ করিয়া নিতে হইবে। সাইট পরিষ্কার করার পর জামানতের ১০,০০০/= (দশ হাজার) টাকা ফেরৎ দেওয়া হইবে।

ইচ্ছুক প্রতিষ্ঠান বা ব্যক্তিগণ অফিস চলাকালীন সময় বিদ্যমান মালামাল প্রকৌশল দপ্তরের স্টোরের দায়িত্বরত জনাব মোঃ খলিলুর রহমান, সিনিয়র টেকনিক্যাল অফিসার এর সহিত যোগাযোগের মাধ্যমে পরিদর্শন করিতে পারিবেন। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ ডাককারীর দর সহ যে কোন ডাক বাতিল বা গ্রহন করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্ত ডাককারীগণ মানিয়া নিতে বাধ্য থাকিবেন।


২২/০৯/২৪

(মোহাম্মদ ইব্রাহিম)
নির্বাহী প্রকৌশলী, জোন-৩,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখ..... ২২/০৯/২৪

মেমো নং ০৯২০(৩৫)/প্রকোঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইলঃ-

- ১। হিসাব পরিচালক, ঢাঃ বিঃ/ তার মনোনীত ১জন প্রতিনিধি, ঢাঃ বিঃ। -- আহ্বায়ক
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সার্কেল-২, ঢাঃ বিঃ। -- সদস্য
- ৩। নির্বাহী প্রকৌশলী, জোন-৩, ঢাঃ বিঃ। -- সদস্য-সচিব

উক্ত কমিটির সম্মানিত সদস্য হিসাবে যথাসময়ে
নিলাম ও ডাকের স্থলে উপস্থিত থাকার জন্য
সবিনয় অনুরোধ করা হইল।

৪. প্রধান প্রকৌশলী, ঢাঃ বিঃ।

৫. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাঃ বিঃ- নোটিশ ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।

৬. এস্টেট ম্যানেজার, ঢাঃ বিঃ - সদয় অবগতির জন্য।

৭. ডেপুটি রেজিস্ট্রার, কোষাধ্যক্ষের অফিস, ঢাঃ বিঃ। - মাননীয় কোষাধ্যক্ষের সদয় অবগতির জন্য।

৮. সহঃ রেজিস্ট্রার, রেজিস্ট্রারের অফিস, ঢাঃ বিঃ। - মাননীয় রেজিস্ট্রারের সদয় অবগতির জন্য।

৯. নোটিশ বোর্ড, প্রকৌশল দপ্তর, ঢাঃ বিঃ

১০. নোটিশ বোর্ড, রেজিঃ অফিস, ঢাঃ বিঃ


১১. নোটিশ বোর্ড, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ

১২. নোটিশ বোর্ড, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাঃ বিঃ


১৩. নোটিশ বোর্ড, হিসাব পরিচালকের অফিস, ঢাঃ বিঃ


১৪. আনন্দ বাজার, নিমতলী ঢাকা -- বহুল প্রচারের জন্য।

১৫. নয়া বাজার, ঢাকা -- বহুল প্রচারের জন্য।


২২/০৯/২৪

নির্বাহী প্রকৌশলী, জোন-৩,
ঢাকা বিশ্ববিদ্যালয়।


২১-০৯-২৪


২১/০৯/২৪